

আপনার শিশু শ্রবণশক্তি সংক্রান্ত পুনরায় পরীক্ষা বা রোগনির্ণায়ক মূল্যায়নে উত্তীর্ণ হয়েছে।



অনুগ্রহ করে এই কাগজটি আপনার শিশুর তাদের স্বাস্থ্যসেবা প্রদানকারী বা স্বাস্থ্য ক্লিনিকের সাথে পরবর্তী ভিজিটের সময় নিয়ে আসুন।

আপনার শিশুর নাম _____
আপনার শিশুর জন্ম তারিখ _____
নবজাতকের শ্রবণশক্তি সংক্রান্ত পুনরায়
পরীক্ষা বা রোগনির্ণায়ক মূল্যায়নের তারিখ _____
শ্রবণশক্তি বিশেষজ্ঞের নাম _____
শ্রবণশক্তি বিশেষজ্ঞের ফোন নম্বর _____

ব্যবহৃত পরীক্ষণ: অটোঅ্যাকোস্টিক নির্গমন (Otoacoustic Emissions, OAE)
 শ্রবণ সংক্রান্ত ব্রেনস্টেম প্রতিক্রিয়া (Auditory Brainstem Response, ABR)

ডান কানের পরীক্ষা

উত্তীর্ণ হয়েছে

উত্তীর্ণ হয়নি

পরীক্ষা করা হয়নি

বাম কানের পরীক্ষা

উত্তীর্ণ হয়েছে

উত্তীর্ণ হয়নি

পরীক্ষা করা হয়নি

শ্রবণশক্তি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পরেও কি কোনো নবজাতকের শ্রবণশক্তি হ্রাস পেতে পারে?

হ্যাঁ, শ্রবণশক্তি যে কোনো সময় পরিবর্তিত হতে পারে। এখন বা ভবিষ্যতে, যদি এই বিবৃতিগুলির মধ্যে কোনোটি আপনার শিশুর ক্ষেত্রে সত্য হয় – তাহলে আপনার শিশুর স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন অথবা একটি স্বাস্থ্য ক্লিনিকে যোগাযোগ করুন:

- আমার শিশুর জৈবিক পিতামাতা অথবা তাদের ঘনিষ্ঠ পরিবারের সদস্যদের মধ্যে কেউ একজন ছোটবেলায় বধির বা শ্রবণশক্তিহীন ছিলেন।
- আমার শিশুটি হাসপাতালের “NICU” বা “PICU”-তে ছিল – যা নবজাতকের নিবিড় পরিচর্যা ইউনিট (neonatal intensive care unit) অথবা শিশু চিকিৎসা সংক্রান্ত নিবিড় পরিচর্যা ইউনিট (pediatric intensive care unit) নামেও পরিচিত।
- আমার শিশুর একটি বিনিময় রক্ত সঞ্চালন করা হয়েছিল – যা একটি বিশেষ ধরনের রক্ত সঞ্চালন।
- আমার শিশুর কানে অনেকবার সংক্রমণ হয়েছে অথবা হয়েছিল।
- আমার শিশুর মাথায় আঘাত পেয়েছে অথবা পেয়েছিল।
- আমার মনে হয় না আমার শিশু ভালো করে শুনতে পাচ্ছে।
- আমার মনে হয় না আমার শিশু ভালো করে কথা বলছে।
- আমার শিশুর আচরণ এই কাগজের পিছনের দিকে দেওয়া শ্রবণশক্তি সংক্রান্ত চেকলিস্ট থেকে আলাদা।

শ্রবণশক্তি সংক্রান্ত চেকলিস্ট

এখানে এমন কিছু জিনিস রয়েছে যা একটি শিশু সাধারণত করতে পারে যদি তারা বধির বা শ্রবণশক্তিহীন না হয়:

জন্ম থেকে 3 মাস পর্যন্ত

- কোনো ধ্বনি শুনে চমকিয়ে ওঠা
- পিতামাতা বা পরিচর্যাকারী ব্যক্তির কণ্ঠস্বর শুনে শান্ত হওয়া
- আপনার কণ্ঠস্বরের দিকে তাদের মাথা ঘুরিয়ে নেওয়া

3 থেকে 6 মাস পর্যন্ত

- আপনার কণ্ঠস্বর খুঁজে পেতে তাদের চোখ ও মাথা ঘুরিয়ে নেওয়া
- মুখ দিয়ে বিভিন্ন ধরণের ধ্বনি বের করা
- ধ্বনি উৎপন্নকারী খেলনা উপভোগ করা

6 থেকে 9 মাস পর্যন্ত

- তাদের নাম শুনে প্রতিক্রিয়া করা
- “না” এবং “বাই-বাই”-এর মতো সহজ শব্দগুলি বোঝে
- “দা-দা” বা “মা-মা” বলা

9 থেকে 12 মাস পর্যন্ত

- সহজ শব্দ এবং ধ্বনির পুনরাবৃত্তি করা
- “মা-মা” বা “দা-দা” ছাড়া 2 থেকে 3টি শব্দ ব্যবহার করা
- অনুরোধ করলে খেলনা দেওয়া
- যোগাযোগ করতে সাহায্য করার জন্য আঙুল দিয়ে ইশারা করা

12 থেকে 18 মাস পর্যন্ত

- শিশুদের উৎপন্ন ধ্বনি ছাড়া – 7 বা তার বেশী সঠিক শব্দ বলা
- সহজ কথ্য নির্দেশনা অনুসরণ করা
- নাম ধরে বেশ কিছু জিনিস চাওয়া



আরো তথ্যের জন্য: health.ny.gov/EHDI



Department
of Health